বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪৩১ / ১৮ ফেব্রুয়ারি ২০২৫

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪১.২৩- ৫৭

# আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ সৈয়দ আলী (৩১৬০৮০৯৬), অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক হিসেবে উপজেলা নির্বাচন অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহে কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক আর্থিক অনিয়ম, পেশাগত অদক্ষতা ও দায়িত্বে অবহেলার অভিযোগ উত্থাপিত হয়; তিনি ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ এর তিনটি বিলের মোট ৬,০৩,৬৪৯/-টাকা তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অবগত না করে উত্তোলন করেছেন; তিনি বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে পরিশোধ না করায় পাওনাদারদের নিয়মিত আগমনে অফিসের ভাবমূর্তি ক্ষুন্ন হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় শৃঙ্খলা পরিপন্থি কাজের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) অনুযায়ী 'অদক্ষতা', বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩(ঘ) অনুযায়ী "দুর্নীতি পরায়ণতা" এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৪/২০২৩ রুজু করতঃ তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করতঃ ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; বিগত ২২-০১-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটির তদন্ত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ নাজমুল কবীর, সিনিয়র সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে সরকারি অর্থ ব্যক্তিগত কাজে ব্যবহার করেছেন; তিনি উক্ত অর্থ স্বপ্রণোদিত হয়ে ফেরত প্রদান করেননি; তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বার বার দাবির প্রেক্ষিতে তিনি অর্থ ফেরত প্রদান করেন; তিনি বেআইনিভাবে গৃহিত অর্থ পরবর্তীতে পরিশোধ করলেও তার কৃত এহেন কার্যটি 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত এবং দন্ডনীয় অপরাধ;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোহাম্মদ সৈয়দ আলী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাচন অফিস, মোল্লাহাট, বাগেরহাট (প্রাক্তন কর্মস্থলঃ উপজেলা নির্বাচন অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক পরবর্তী ০১(এক) বছরের জন্য তার বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হলো। তিনি এর কোন বকেয়া প্রাপ্য হবেন না। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৪/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৮/২/২৫

মোঃ মঈন উদ্দীন খান
যুগ্মসচিব (প্রঃ ও অঃ)

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪৩১ / ১৮ ফেব্রুয়ারি ২০২৫

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪১.২৩- ৫৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্ম-সচিব..........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৯। জেলা নির্বাচন অফিসার,................................ (সংশ্লিষ্ট)
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা
১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগেরহাট
১৯। সিনিয়র সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধসহ)
২০। উপজেলা নির্বাচন অফিসার, মোল্লাহাট, বাগেরহাট
২১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মোল্লাহাট, বাগেরহাট
২২। জনাব মোহাম্মদ সৈয়দ আলী, অফিস সহকারী কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাচন অফিস, মোল্লাহাট, বাগেরহাট (প্রাক্তন কর্মস্থলঃ উপজেলা নির্বাচন অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহ)

১৪.০৫.২৫

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd